শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আজমল হোসেন
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর
তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ
সময়ঃ বেলা-১১.০০টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডাভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনা-১ঃ গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-

সভায় ৩০.১১.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্ত-১ঃ বিস্তারিত আলোচনান্তে গত ৩০.১১.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা-২ঃ উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত-২ঃ বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৩ঃ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারি পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্ত-৩ঃ সরকারি পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৪ঃ মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত-৪ঃ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনাঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর | আলোচনা-৫ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৫ঃ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | আলোচনা-৬ঃ উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। | সিদ্ধান্ত-৬ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও নারীদের জন্য বিভিন্ন সরকারি সুবিধাসমূহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। মহিলা ভাইস-চেয়ারম্যান |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | আলোচনা-৭.১ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের আউটডোর চিকিৎসা কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও ১৪টি কমিউনিটি ক্লিনিকের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ভ্যাকসিনেশনসহ স্বাস্থ্যসেবা চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১ঃ<br>১। সকল ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২। সকল ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | এছাড়াও তিনি ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রসমূহে কর্মরত আয়াদের সম্মানী প্রদানের জন্য তহবিল গঠনের প্রস্তাব রাখেন। | ঔষধ রেজিস্টার নিয়মিত হালনাগাদ রাখার জন্য অনুরোধ করা হলো।<br>৩। ইউনিয়ন স্বাস্থ্য সহায়তা কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা কৃষি দপ্তর | আলোচনা-৭.২ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজতলা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। মাঠে বিদ্যমান অন্যান্য ফসলের অবস্থা মোটামুটি ভালো। সার ও তেলের মজুদ যথেষ্ট পরিমাণে রয়েছে। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত-৭.২ঃ ১। কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য অনুরোধ করা হলো। সার, ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির জন্য অনুরোধ করা হলো।<br>২। প্রকৃত কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা বিতরণসহ কৃষি প্রণোদনা গ্রহণকারীদের ডাটাবেইজ তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইউনিয়ন পর্যায়ে সার বিতরণের সময় উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। সমলয় চাষের প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নূন্যতম ৫০ একর ভূমি নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | আলোচনা-৭.৩ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার মোট ৫৫৯ জন খামারি রয়েছে। পর্যায়ক্রমে তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দুধ, ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন, ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত-৭.৩ঃ<br>১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে ডিম, মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার জন্য অনুরোধ করা হলো।<br>২। গবাদিপশুকে ক্ষুরা রোগের. ভ্যাকসিন প্রদানের বিষয়ে অবগতকরণের লক্ষ্যে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | আলোচনা-৭.৪ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, শীত মৌসুমে মাছের রোগবালাই বৃদ্ধি পায়। এ বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে প্রয়োজনী পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া সৈয়দপুর উপজেলায় বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত-৭.৪ঃ<br>১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২। কারেন্ট জালসহ বিভিন্ন নিষিদ্ধ উপকরণ ব্যবহার করে মাছ ধরা রোধে মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | আলোচনা-৭.৫ঃ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকার কারণে তাঁর দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত-৭.৫ঃ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতালকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |
| উপজেলা সমাজসেবা দপ্তর | আলোচনা-৭.৬ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। ডিজিটাল প্রতারণার হাত থেকে বাঁচার জন্য ভাতাভোগীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৬ঃ ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।<br>২। প্রতারকদের ফোন নম্বরগুলো সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা শিক্ষা দপ্তর | আলোচনা-৭.৭ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, আগামী ০১/০১/২০২৪ ইং তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বই উৎসব পালন করা হবে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৭ঃ উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলার প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়সহ অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়ি বাড়ি গিয়ে তাদের পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারণটি প্রধান শিক্ষকের দায়িত্বে লিপিবদ্ধ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ (সকল), সৈয়দপুর |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | আলোচনা-৭.৮ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৮ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে মনিটরিং বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো।<br>যে সকল স্কুল বা মাদ্রাসায় ছাত্র/ছাত্রীদের উল্লেখ্যযোগ্য উপস্থিতি নেই এবং ফলাফল সন্তোষজনক নয়, সেগুলো পরিদর্শন করে পরবর্তী সভায় পেশ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা খাদ্য দপ্তর | আলোচনা-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরির কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে খাদ্য গুদামে কর্মরত শ্রমিকদের ডাটাবেইজ তৈরি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | আলোচনা-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। এ বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনের কারণে ভোটার স্থানান্তর প্রক্রিয়া বন্ধ রয়েছে। এছাড়া নতুন ভোটার নিবন্ধনসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসারকে তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত সকলকে স্বীয় দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাচন অফিসার<br>২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল) |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | আলোচনা-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত ০৯/১২/২০২৩ ইং তারিখ হতে ১৪/১২/২০২৩ ইং তারিখ পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ পালন করা হয়েছে। জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে ইমপ্লান্ট-৬৮টি, স্বাভাবিক প্রসব-৬৯টি, সিজারিয়ান-০০টি এবং মৃত জন্ম-০০টি। তিনি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের বিদ্যমান কমিটির সভাগুলো নিয়মিত আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.১২ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১২ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | আলোচনা-৭.১৩ঃ উপজলো মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান ও ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বাল্যববিহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের কাজ চলমান। | সিদ্ধান্ত-৭.১৩ঃ ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | রয়েছে। | ২। পুষ্টির চাল মিক্সিং মালিক/ডিলার পয়েন্ট নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো। | |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | আলোচনা-৭.১৪ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, চলতি বরাদ্দের বিপরীতে টিউবয়েলের সকল তালিকা পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৪ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়পুরকে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | আলোচনা-৭.১৫ঃ উপজলো প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১৫ঃ বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজলো প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | আলোচনা-৭.১৬ঃ উপজলো সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সমিতিগুলোকে উৎপাদনমুখী করার চেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৬ঃ উপজেলা সমবায় কর্মকর্তাকে সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করার অনুরোধ করা হলো। এছাড়াও সর্বজনীন পেনশন স্কিমের আওতায় অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে সমিতির সদস্যদের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | আলোচনা-৭.১৭ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৭ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার-ভিডিপি দপ্তর | আলোচনা-৭.১৮ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলমান অবরোধ কর্মসূচিতে গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ রক্ষার্থে আনসার-ভিডিপি সদস্যগণ কর্মরত রয়েছেন। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৮ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনাসহ রাতের নিরাপত্তা ডিউটি জোরদারকরণের অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.১৯ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১৯ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | আলোচনা-৭.২০ঃ সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, সৈয়দপুর শহরটি অত্যন্ত ঘনবসতিপূর্ণ শহর। আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিকান্ড প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২০ঃ সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে তাঁর দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর |
| উপজেলা বন বিভাগ | আলোচনা-৭.২১ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় বিভিন্ন জাতের বনজ ও ফলজ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। এছাড়াও তিনি জানান যে, সামাজিক বনায়নগুলো নিয়মিত তদারকি করা হয়। | সিদ্ধান্ত-৭.২১ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুর |
| পল্লী সঞ্চয় ব্যাংক | আলোচনা-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সৈয়দপুর উপজেলায় মোট ১৩৫টি গ্রুপ রয়েছে। প্রত্যেক গ্রুপের সদস্য সংখ্যা ৬০ জন। ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক'কে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর |



CamScanner

| সংস্থা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | আলোচনা-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ঋণ আদায়ের হার ৯৮%। | সিদ্ধান্ত-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্য বিমোচন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন কর্মকর্তা |
| পরিদর্শক (পাট) এর কার্যালয় | আলোচনা-৭.২৪ঃ পরিদর্শক (পাট) সভায় জানান যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" শতভাগ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবকিভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৪ঃ পরিদর্শক (পাট)'কে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | পরিদর্শক (পাট) |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | আলোচনা-৭.২৬ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২ অর্থবছর) উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৬ঃ ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২ অর্থবছর) উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | আলোচনা-৭.২৭ ঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলায় বাড়ি বাড়ি গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, ব্লাড প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | সিদ্ধান্ত-৭.২৭ ঃ তথ্যসেবা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | আলোচনা-৭.২৮ ঃ সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদকরণসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৮ঃ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | আলোচনা-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি, সৈয়দপুর'কে আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি |
| ইউনিয়ন পরিষদ | আলোচনা-৭.৩০ঃ সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ নিম্নোক্তভাবে তাঁদের বক্তব্য উপস্থাপন করেনঃ<br>চেয়ারম্যান, কামারপুকুর, বাঙ্গালীপুর, খাতামধুপুর, বোতলাগাড়ী ও কাশিরাম বেলপুকুর ইউপি সভায় জানান যে, তাঁদের ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | সিদ্ধান্ত-৭.৩০ঃ সকল ইউপি চেয়ারম্যানকে ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা নির্বাহী অফিসার | আলোচনা-৭.৩১ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রত্যেক দপ্তর প্রধানগণকে নিজ নিজ অফিস এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ দাপ্তরিক কার্যক্রম জোরদারকরণের বিষয়ে অনুরোধ জানান। | সিদ্ধান্ত-৭.৩১ঃ<br>০১। প্রত্যেক দপ্তর প্রধানগণকে নিজ দপ্তর এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ শোভাবর্ধনের নিমিত্ত ফুলের গাছ রোপণ করার জন্য অনুরোধ জানানো হলো।<br>০২। সকল দপ্তর প্রধানকে সকল প্রকার সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতনতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | ০৩। সকল দপ্তর প্রধানকে দপ্তর সংক্রান্ত আলোচ্য বিষয়গুলো সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে uzpsaidpur@gmail.com ও unosyedpur@mopa.gov.bd ইমেইলে নিকস ফন্টে (ফন্ট সাইজ-১২) প্রেরণের অনুরোধ জানানো হলো। | |
| বিবিধঃ | আলোচনা-৮ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন"-এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রূপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত-৮ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধি করাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানবপাচার রোধ সংক্রান্ত পত্র সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানবপাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানবপাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানবপাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের বেশকিছু আসবাব পত্র পুরনো ও জরাজীর্ণ হয়ে পড়েছে দাপ্তরিক সুষ্ঠু ব্যবস্থাপনা ও সুন্দর কর্মপরিবেশের লক্ষ্যে নতুন আসবাব পত্র ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪. ২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সর্বোচ্চ =৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয়/সংগ্রহ করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও সুন্দর কর্মপরিবেশের স্বার্থে ২০২৩-২৪ অর্থবছরে "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" খাত হতে জরুরিভিত্তিতে পরিষদের আসবাবপত্র ক্রয়ের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও সুন্দর কর্মপরিবেশের স্বার্থে ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" খাত হতে =৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশন আহবানপূর্বক নিম্নোক্ত ক্রয় কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রয় কমিটিঃ

| | |
|---|---|
| ১। উপজেলা সমাজসেবা অফিসার, সৈয়দপুর | আহবায়ক |
| ২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর | সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সৈয়দপুর | সদস্য |

১২। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পরিষদ কার্যালয়ের অফিসের কম্পিউটারের মাদারবোর্ড ও প্রসেসর নষ্ট হওয়ায় তা জরুরীভিত্তিতে মেরামত/ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের TO&E-ভুক্ত অফিস সরঞ্জাম এক অর্থবছরে সর্বোচ্চ =৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে



CamScanner

ক্রয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে জরুরিভিত্তিতে কম্পিউটারের মাদারবোর্ড ও প্রসেসর ক্রয়ের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অফিস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে "সৈয়দপুর উপজেলা পরিষদের কম্পিউটারের মাদারবোর্ড ও প্রসেসর ক্রয়" এর জন্য ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরাসরি ক্রয় পদ্ধতিতে জরুরিভিত্তিতে ক্রয়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা রক্ষার্থে ইতোপূর্বে সংযোজনকৃত কিছু সিসি ক্যামেরা নষ্ট হওয়ায় জরুরিভিত্তিতে নতুন সিসি ক্যামেরা সংযোজন করা প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা এক অর্থবছরে উপজেলা পরিষদের জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা সর্বোচ্চ =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। এতদ্বিষয়ে ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসারের মৌখিক নির্দেশনামতে কাজটি বাস্তবায়নে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এক্ষণে, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা রক্ষার্থে জরুরিভিত্তিতে সিসি ক্যামেরা ক্রয়ের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা রক্ষার্থে "সৈয়দপুর উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" এর জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রকল্পের নাম-"সৈয়দপুর উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।"**

<u>প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ</u>

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | মোঃ মনিরুজ্জামান জুন | ইউপি চেয়ারম্যান | প্রকল্প চেয়ারম্যান |
| ২. | মোছাঃ মমতা বেগম | ইউপি সদস্য | প্রকল্প সচিব |
| ৩. | মোঃ আব্দুল জলিল | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৪. | মোঃ তাহের উদ্দিন | ইমাম | প্রকল্প সদস্য |
| ৫. | মোঃ দুলাল হোসেন | গণ্যমান্য ব্যক্তি | প্রকল্প সদস্য |
| ৬. | মোছাঃ ফেরদৌসি বেগম | সমাজসেবক | প্রকল্প সদস্য |
| ৭. | মোঃ আমজাদ হোসেন | ভিডিপি | প্রকল্প সদস্য |

১৪। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের নভেম্বর/২০২৩ মাসের (০১/১১/২০২৩ থেকে ২৭/১১/২০২৩ তারিখ পর্যন্ত) সম্মানী | ৩৬,০০০/- |
| ২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের নভেম্বর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের নভেম্বর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ): "আপ্যায়ন ব্যয়" খাত হতে | উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় | ২৬,৮৫০/- |
| ৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদের ক্রোকারিজ সামগ্রী ক্রয় | ৩,৭৫৯/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের মালীর নভেম্বর/২০২৩ মাসের মজুরি | ১৬,৫০০/- |
| ৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের সুইপারের নভেম্বর/২০২৩ মাসের মজুরি | ১৬,৫০০/- |
| ৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের বৈদ্যুতিক মেরামত ব্যয় | ২,৬৮৫/- |
| ৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঝ): "আনুষঙ্গিক" খাত হতে | উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় | ৪,৪৭৫/- |
| ১০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় | ৪,২৯৬/- |
| ১১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ): "আপ্যায়ন ব্যয়", ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়", ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (ঝ): "আনুষঙ্গিক" খাত হতে | ভ্যাট বাবদঃ উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (২,২৫০/-), উপজেলা পরিষদের ক্রোকারিজ সামগ্রী ক্রয় (৩১৫/-), উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের বৈদ্যুতিক মেরামত ব্যয় (২২৫/-), উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (৩৭৫/-) এবং পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় (৩৬০/-) | ৩,৫২৫/- |
| ১২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ): "আপ্যায়ন ব্যয়", ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়", ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (ঝ): "আনুষঙ্গিক" খাত হতে | ভ্যাট বাবদঃ উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (৯০০/-), উপজেলা পরিষদের ক্রোকারিজ সামগ্রী ক্রয় (১২৬/-), উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের বৈদ্যুতিক মেরামত ব্যয় (৯০/-), উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (১৫০/-) এবং পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় (১৪৪/-) | ১,৪১০/- |
| ১৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ভ): "বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা" খাত হতে | উপজেলা পরিষদের আবাসিক এলাকার ড্রেন পরিষ্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ১৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঘ): "অপ্রত্যাশিত" খাত হতে | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা | ২৭,০০০/- |
| ১৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের অক্টোবর/২০২৩ হতে নভেম্বর/২০২৩ মাসের (০১/১১/২০২৩ হতে ২৭/১১/২০২৩ তারিখ পর্যন্ত) ভ্রমণ বিল | ১৮,৩৭৫/- |
| ১৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের চামেলী ভবনের পানির লাইন মেরামত ব্যয় | ৫,০৭০/- |
| ১৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের চামেলী ভবনের পানির লাইন মেরামত ব্যয়ের ভ্যাট | ৪২৬/- |
| ১৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের চামেলী ভবনের পানির লাইন মেরামত ব্যয়ের আয়কর | ১৭০/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ণ): "যানবাহন মেরামত" খাত হতে | উপজেলা পরিষদ, সৈয়দপুরের জীপগাড়ি মেরামত ব্যয় | ২১,৭২৭/- |
| ২০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ণ): "যানবাহন মেরামত" খাত হতে | উপজেলা পরিষদ, সৈয়দপুরের জীপগাড়ি মেরামত ব্যয়ের ভ্যাট | ২,৪৯৮/- |
| ২১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ণ): "যানবাহন মেরামত" খাত হতে | উপজেলা পরিষদ, সৈয়দপুরের জীপগাড়ি মেরামত ব্যয়ের আয়কর | ৭৫০/- |
| ২২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা নির্বাচন অফিসের পানির লাইন মেরামত ব্যয় | ২২,৩৭৫/- |
| ২৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদ ভবনের ৩য় তলার বিভিন্ন অফিস মেরামত ব্যয় | ২২,৩৭৫/- |
| ২৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের স্যানিটারি সামগ্রী ক্রয় | ১৩,৪২৫/- |
| ২৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন এবং বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | ভ্যাট বাবদঃ উপজেলা নির্বাচন অফিসের পানির লাইন মেরামত ব্যয় (১,৮৭৫/-), উপজেলা পরিষদের স্যানিটারি সামগ্রী ক্রয় (১,১২৫/-) এবং উপজেলা পরিষদ ভবনের ৩য় তলার বিভিন্ন অফিস মেরামত ব্যয় (১,৮৭৫/-) | ৪,৮৭৫/- |
| ২৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন এবং বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | আয়কর বাবদঃ উপজেলা নির্বাচন অফিসের পানির লাইন মেরামত ব্যয় (৭৫০/-), উপজেলা পরিষদের স্যানিটারি সামগ্রী ক্রয় (৪৫০/-) এবং উপজেলা পরিষদ ভবনের ৩য় তলার বিভিন্ন অফিস মেরামত ব্যয় (৭৫০/-) | ১,৯৫০/- |
| ২৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঢ): "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হতে | উপজেলা পরিষদের ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনের ভূমি উন্নয়ন কর | ৮৯,৯২৯/- |
| ২৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঘ): "অপ্রত্যাশিত খাতে ব্যয়" খাত হতে | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা | ১০,০০০/- |
| ২৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ): "জাতীয় দিবস উদ্‌যাপন" খাত হতে | মহান বিজয় দিবস/২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ব্যয় | ৪২,৮৭৫/- |
| ৩০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ): "জাতীয় দিবস উদ্‌যাপন" খাত হতে | মহান বিজয় দিবস/২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ব্যয়ের ভ্যাট | ৫,৬২৫/- |
| ৩১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ): "জাতীয় দিবস উদ্‌যাপন" খাত হতে | মহান বিজয় দিবস/২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ব্যয়ের আয়কর | ১,৫০০/- |

১৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১২/২৩

(মোঃ আজমল হোসেন)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী



CamScanner

উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৩- ১৪৬১ তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ........................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,......................................................ইউপি (সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব..................................................., সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। জনাব..................................................., সৈয়দপুর, নীলফামারী।

১২। অফিস কপি।

৩১/১২/২০২৩
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী
ফোন: ০২৫৮৯৯৫৬৯০১
ইমেইলঃ unosyedpur@mopa.gov.bd



CamScanner